

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা-১০০০
www.dscc.gov.bd

“শেখ হাসিনা’র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নম্বর: ৪৬.২০৭.০০০.১৩.০২.৫৬৫৪/২০২৩- ৫৩৭

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩১
১১ জুলাই ২০২৪

দপ্তর আদেশ

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সূত্রাপুরস্থ পরিচ্ছন্নতাকর্মী নিবাস “আশালতা” এর বাসা/ফ্ল্যাট বরাদ্দ সংক্রান্ত নথি (নম্বর: ৪৬.২০৭.০০০.১৩.০২.৫৬৫৪/২০২৩, তারিখ: ২৮.০২.২০২৩) সম্পত্তি বিভাগ হতে সচিব দপ্তরে প্রেরণ করা হয়। তখন উক্ত নথি পর্যবেক্ষণে দেখা যায়, বাসা/ফ্ল্যাট বরাদ্দ সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী আব্দুর রব, পিতা- গাজী মিয়া কে (প্রস্তাবিত উপক্রমিক-২৮) বাসা/ফ্ল্যাট বরাদ্দের সুপারিশ করা হয়। কিন্তু সভার কার্যবিবরণীতে এবং নথিতে আব্দুর রব নামটি না এসে আঞ্জুরী বেগম, পিতা- আব্দুল কাদের এর নাম সভার কার্যবিবরণীতে এবং নথিতে পেশ করা হয়। এরূপ পর্যবেক্ষণসহ নথিটি সচিব দপ্তর হতে সম্পত্তি বিভাগে ফেরত প্রদান করা হয়।

০২। আলোচ্য নথিটি পুনরায় সম্পত্তি বিভাগ হতে সচিব দপ্তরে প্রেরণ করা হয়। তখন দেখা যায়, উক্ত নথির নোটাংশে নথি উপস্থাপনকারীসহ সংশ্লিষ্ট সবাই ০৬.০৫.২০২৪ তারিখে স্বাক্ষর করেছেন। কিন্তু নথিটি সচিব দপ্তরে প্রকৃতপক্ষে ২৮.০৫.২০২৪ তারিখে পাওয়া যায়। এতে নথিটি বিনা কার্যকারিতায় দীর্ঘদিন সচিব দপ্তরে পড়ে আছে বলে প্রতীয়মান হয়। অধিকন্তু উক্ত নথির নোটাংশ এবং সভার কার্যবিবরণী পরিবর্তন করে নথিটি পুনরায় পেশ করা হয়েছে। যা অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত।

০৩। বর্ণিত বিষয়ে তদন্তের জন্য ডা. ফজলে শামসুল কবির, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হলো।

০৪। তদন্তকারী কর্মকর্তা ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করবেন।

০৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

(আকরামুজ্জামান)
সচিব

ফোন: ০২-২২৩৩৮৩৫০৭

ইমেইল: Secretary @dscc.gov.bd

স্মারক নম্বর: ৪৬.২০৭.০০০.১৩.০২.৫৬৫৪/২০২৩- ৫৩৭

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩১
১১ জুলাই ২০২৪

কার্যার্থে:

১) ডা. ফজলে শামসুল কবির, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
২. সিস্টেম এনালিস্ট, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (সংস্থার তথ্য বাতায়নে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য)।
৪. সচিবের ব্যক্তিগত সহকারী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৫. দপ্তর আদেশবহি।
৬. দপ্তর অনুলিপি (নথি নম্বর: ৪৬.২০৭.০০০.১৩.০২.৫৬৫৪/২০২৩, তারিখ: ২৮.০২.২০২৩)।

(আব্দুল্লাহ আসিফ জয়)

সহকারী সচিব

সাধারণ প্রশাসন শাখা